দৈনিক ইনকিলাব

তারিখ 08 DEC 1993
পৃষ্ঠা ... কলাম ...

66

## শিক্ষাঙ্গন

### আয়তন নয়, পরিসীমাই উত্তম

আমাদের দেশের নবম-দশম শ্রেণীসহ অন্যান্য শ্রেণীর ভূগোল বইয়ে কোন অঞ্চলের আয়তনের একক লেখা হয়েছে বর্গমাইল বা বর্গকিলোমিটারে।

কিন্তু, আমরা জানি, কোন স্থান বা বস্তুর আয়তন নির্ণয় করার জন্য ঐ স্থান বা বস্তুর দৈর্ঘ, প্রস্থ ও উচ্চতার প্রয়োজন হয় এবং এই আয়তন লেখার পূর্বে ঘন শব্দ ব্যবহার করতে হয়, বর্গ শব্দ নয়। আঁকা-বাঁকা সীমান্তের কোন স্থানের ক্ষেত্রফল নির্ণয় করা খুবই জটিল। কিন্তু ঐ স্থানের পরিসীমা খুবই সূক্ষ্মভাবে নির্ণয় করা [illegible] আমাদের দেশ বা অন্যান্য স্থানের ক্ষেত্রফলের অংকই পাঠ্যপুস্তকে লেখা হয়, তবে ক্ষেত্রফলের পরিবর্তে কেন আয়তন শব্দটি লিখে শিক্ষার্থীদের ভুল শিক্ষা দেয়া হচ্ছে? ক্ষেত্রফল সঠিকভাবে নির্ণয় করতে না পারলে কোন স্থানের চতুর্পার্শ্বের পরিসীমা নির্ণয় করে শুধু দূরত্ব এবং একক লিখলেই চলে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে আমাদের দেশের জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

—শেখ মুহাম্মদ সালেক,
নিউমডেল ডিগ্রী কলেজ,
শুক্রবাদ, ধানমণ্ডি, ঢাকা।